

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়
কলাই, জয়পুরহাট।
www.dls.kalai.joypurhat.gov.bd

স্মারক নং- ৩৩.০১.৩৮৫৮.০০০.৪১.০০৩.১৯.৪৭৪

তারিখঃ- ০১/০৮/২০১৯ খ্রি।


বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরি ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য নির্ধারিত ইউনিয়নে প্রাথমিকভাবে ০৩ (তিন) জনের একটি তালিকা আগ্রহী প্রার্থীদের মধ্য হতে নির্বাচন করে প্রকল্প পরিচালক লাইভস্টক এন্ড ডেইরি ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা বরাবর প্রেরণ করা হবে। পরবর্তীতে উক্ত তালিকার মধ্য থেকে র্যান্ডম পদ্ধতিতে প্রকল্প পরিচালক নির্ধারিত ইউনিয়নের জন্য ০১ (এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider' (LSP) চূড়ান্তভাবে নির্বাচন করবেন। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ১৪/০৮/২০১৯ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. সংশ্লিষ্ট ইউনিয়নের/ পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ১৪/০৮/২০১৯ খ্রিষ্টাব্দে তারিখে ২৫-৪৫ বছর হতে হবে।
৩. পুরুষ বা নারী উভয়েই (এলএসপি) হিসেবে আবেদন করতে পারবে।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি / সমমান পাশ হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. অন্যকোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং / অথবা এনএটিপি এর সীলদের/ এআই টেকনিশিয়ানদের আবেদন করার প্রয়োজন নেই।
৯. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য (এলএসপি) এর দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।
১০. খামের উপরে ইউনিয়ন/পৌরসভার নাম উল্লেখ্য করতে হবে।
১১. যোগ্য প্রার্থীর তালিকা ১৯/০৮/২০১৯ খ্রিঃ প্রকাশ করা হবে।

* যে সকল কাগজপত্র জমা দিতে হবে।
স্বহস্তে লিখিত আবেদনপত্র
নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
এনআইডি এর সত্যায়িত কপি।
সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি।
সকল সনদ ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি


০১.০৪.১৯
(ডাঃ মোঃ আব্দুল মালেক)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার (ডাঃ)
কলাই, জয়পুরহাট।
টেলিফোন নং ০৫৭২৫-৫৬০৪৪
ই-মেইলঃ ulokalai@gmail.com

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলোঃ

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, কলাই, জয়পুরহাট।
- ০২। উপজেলা কৃষি অফিসার, কলাই, জয়পুরহাট।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, কলাই, জয়পুরহাট।

অনুলিপিঃ

- ০১। জেলা প্রাণিসম্পদ অফিসার, জয়পুরহাট।
- ০২। নোটিশ বোর্ড।
- ০৩। ওয়েব পোর্টাল।
- ০৪। অফিস নথি।